

অন্যান্য সংক্রমণ	✓
স্টেটমেন্ট	✓
সিদ্ধান্ত রক্ষক	
সুপারিশ রক্ষক	কৃষি ই-সমৃদ্ধি
ক্যাশিয়ার	অফিস প্রধানের স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারক নং: ১২.১০.০০০০.০০৭.১৬.০০২.১৯/৩২২৪(২৫)

তারিখ: ১২/০৪/২০২৩ খ্রিঃ

বিষয়: চলমান তাপ প্রবাহের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ।

উর্পর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী দেশে মৃদু থেকে মাঝারী ধরনের তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা আগামী ১০ এপ্রিল থেকে ১৮ এপ্রিল পর্যন্ত অব্যাহত থাকতে পারে। এই সময়ে বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা নেই। ফসলের সম্ভাব্য ক্ষয়ক্ষতি এড়ানোর লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করার জন্য দিক নির্দেশনা প্রদান করা হলো:

- ১। বোরো ধানে হিটশক (তাপজনিত ক্ষতি) বা গরম বাতাস প্রবাহ হলে ধান চিটা হতে পারে। তাই জমিতে ৫-৭ সেঞ্চিমিঃ বা ২-৩ ইঞ্চি পানি কাইচখোর হতে ফুল ফোটা পর্যায় পর্যন্ত ধরে রাখুন।
- ২। ধানের ফুল অবস্থায় স্প্রে করার প্রয়োজন হলে অবশ্যই পড়ন্ত বিকেলে বালাইনাশক স্প্রে করুন। সাধারণত ৭-১১ টা পর্যন্ত ধানের পরাগায়ন ঘটে। এ অবস্থায় স্প্রে করলে পরাগায়নের সমস্যা হয় এবং চিটা হওয়ার সম্ভাবনা বেশী থাকে।
- ৩। ধান চিটা হতে দেখা গেলে এমওপি সার ১০ লিটার পানিতে ১০০ গ্রাম মিশিয়ে ৫ শতাংশ হিসেবে স্প্রে করুন অথবা প্রতি ৫ কেজি দানাদার এওপি (পটাশ) সার উপরি প্রয়োগ করুন।
- ৪। আম গাছের গোড়ায় পর্যাপ্ত সেচ প্রদান করুন। প্রয়োজনে গাছের শাখা প্রশাখায় পানি স্প্রে করুন।
- ৫। সবজির জমিতে আগামী এক সপ্তাহে মাটির ধরন বুঝে প্রয়োজনীয় ২ থেকে ৩টি সেচের ব্যবস্থা করুন।
- ৬। ফল ও সবজির চারাকে তাপ প্রবাহের ক্ষতি থেকে রক্ষার জন্য মালচিং ও সেচ নিশ্চিত করুন।
- ৭। চলমান তাপপ্রবাহে দস্তায়মান ফসলের কোন ক্ষয়ক্ষতি হলে ক্ষয়ক্ষতির রিপোর্ট সংগে সংগে নির্ধারিত ফরমে কন্ট্রোল রুমে (controlroomdae@yahoo.com) প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর----- (সকল) অঞ্চল। (সকল জেলা ও উপজেলা পর্যায়ে উল্লেখিত নির্দেশনাসমূহ প্রেরণের অনুরোধসহ)

৩০/৪/২৩
(মোঃ তাজুল ইসলাম পাটোয়ারী)
পরিচালক
ফোন: ৫৫০২৮২৭০
ই-মেইল: dfsw@dae.gov.bd
৩১/৪/২৩

অনুলিপি: অবগতি/ কার্যার্থে :

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৪। নিয়ন্ত্রণ কক্ষ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-পত্রটি ই-মেইলে প্রেরণ করার জন্য বলা হলো।

স্মারক নং: ১২.১৬.৬১০০.০৪১.৯৯.০২৩.২২- ৪৪৬

তারিখ: ১৩/০৪/২০২৩ খ্রিঃ

অনুলিপি প্রেরণ:

০১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোনা। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


৩০.০৪.২৩
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ময়মনসিংহ অঞ্চল ময়মনসিংহ।

স্মারক নং-১২.১৭.৭২০০.০৪১.১৬.১০৬.২৩- ২৯৮৯ (২২)

তারিখঃ ১৩/০৪/২০২৩ খ্রি.

পত্রের মর্মানুযায়ি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১। উপজেলা কৃষি অফিসার, (সকল) উপজেলা, নেত্রকোণা।



উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, নেত্রকোণা

Email-dddaenetrokona@gmail.com

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

